বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)

কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখঃ ২৫ জুন ২০২৬

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ সেনানিবাস, নাটোর এ অবস্থিত বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ এর বিভিন্ন বিভাগে নিম্নেবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী চুক্তিভিত্তিক হিসেবে জনবল নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রমঃ	পদের নাম	বিভাগ/বিষয়	শূন্য পদের সংখ্য	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	**অধ্যাপক** বেতন-ভাতাঃ আলোচনা সাপেক্ষে	সিই	০১	ক। পিএইচডি/সমমান ডিগ্রীসহ শিক্ষা জীবনে কমপক্ষে ২টি প্রথম শ্রেণী/বিভাগ/এ গ্রেড থাকতে হবে। তন্মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীর যে কোন একটিতে প্রথম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে। খ। বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসাবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। গ। কমপক্ষে ১৫টি প্রকাশনা যার মধ্যে ৭টি সহযোগী অধ্যাপক হিসাবে থাকতে হবে।
০২।	**প্রভাষক** বেতন-ভাতাঃ মাসিক সর্বসাকুল্যে ৪০,৫০০/- টাকা	ইইই	০২	**টেকনিক্যালঃ** ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের স্নাতক/মাস্টার্স ডিগ্রী। খ। ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণী/এ গ্রেড থাকতে হবে (স্নাতক স্তরে সিজিপিএ ৩.৫ এর নিচে নহে)। গ। এমফিল বা পিএইচডি ডিগ্রীধারীগণ অগ্রাধিকার পাবেন।

দরখাস্তের নিয়মাবলীঃ

১। উপরোল্লিখিত পদের জন্য আগ্রহী প্রার্থীদের জীবন বৃত্তান্ত এবং এক কপি আবেদনপত্র (সংযুক্ত আবেদন ফরম অনুযায়ী) রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ, দয়ারামপুর, নাটোর বরাবরে আগামী ০২ জুলাই ২০২৬ তারিখের মধ্যে ই-মেইল (registrar@bauet.ac.bd)/সরাসরি/ ডাকযোগে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২। আবেদনপত্রের সাথে সকল সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক/চারিত্রিক সনদপত্র এবং তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি জমা দিতে হবে।

৩। পরীক্ষা সংক্রান্ত ফি বাবদ বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি **(BAUET), Qadirabad** এর অনুকূলে অধ্যাপক পদের জন্য ১০০০/- টাকা এবং প্রভাষক পদের জন্য ৫০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪। উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশের নাগরিক এবং সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। পরীক্ষার তারিখ ও সময় BAUET ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশিত হবে। পরীক্ষায় অংশগ্রহণকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।

৭। পরীক্ষা/সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের মূলকপি উপস্থাপন করতে হবে।

৮। পদসংখ্যা কম/বেশি হতে পারে।

৯। যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন প্রসঙ্গে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। অন্যান্য তথ্যের জন্য BAUET এর ওয়েবসাইট www.bauet.ac.bd তে অনুসন্ধান করা যেতে পারে।

রেজিস্ট্রার
BAUET, কাদিরাবাদ

বিতরণঃ
BAUET ওয়েবসাইট/সকল নোটিশ বোর্ড
অবগতিঃ
মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)
ট্রেজারার